# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী | সদস্য |
| ০২. | জনাব মোঃ আবুল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ সাফিয়া খাতুন, ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব কবির হাসান (কারণ), ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৬/২০২০ ইং তারিখঃ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. ০৪টি বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়নের জন্য ইট ও পাথর ক্রয় প্রসঙ্গে আলোচনা।
০৩. করোনা ভাইরাস ব্যাপক বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি মোঃ রেজাউল করিম খোকন )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২৩/০৬/২০২০ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন, কাউন্সিলর ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৩/০৬/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১. গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২। | ০৪টি বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়নের জন্য ইট ও পাথর ক্রয় প্রসঙ্গে আলোচনা। | সভার শুরুতেই দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন, কোরনা ভাইরাসের কারণে দীর্ঘদিন কাজ বন্ধ থাকার পর পুনরায় অনুমোদিত ০৪টি বস্তির অবকাঠামো কাজ আরাম্ভ করা হয়েছে। সেক্ষেত্রে কমিটির সভাপতি অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন অনুমোদিত ০৪টি বস্তির মধ্যে ০৩টি বস্তির অবকাঠামো কাজ ইতিমধ্যে চলমান আছে। পশুহাট পাড়া বস্তিতে বড় পাথর না থাকায় কাজ আরাম্ভ করা সম্ভব হয়নি। এবং মুসলিম পাড়া বস্তি ও ভিমরুল্লা স্কুল পাড়া বস্তির পাথর ও প্রায় শেষ পর্যায়ে। এবং তালতলা স্কুল পাড়া বস্তির টয়লেটের কাজ করার জন্য ইট ক্রয় করা দরকার। ভিমরুল্লা স্কুল পাড়া বস্তির জন্য ফুটপাত ও টয়লেট নির্মানের জন্য ইট ও পাথর উভয়ই ক্রয় করা দরকার। ইতিপূর্বে ০৪টি এসআইসি কমিটির মাসিক সভায় ফুটপাত ও টয়লেট নির্মানের জন্য ইট ও পাথর ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন কাজের গুনগতমাণ অনেক ভালো। সেক্ষেত্রে কাজ চালু রাখার স্বার্থে ইট ও পাথর ক্রয় করা দরকার। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আবুল হোসেন বলেন কাজ দ্রুত বাস্তবায়ন করা দরকার। কমিটির অপর সদস্য ৭,৮,৯ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন বর্তমান বর্ষা মৌসুমে যত তাড়াতাড়ি সম্ভব অবকাঠামো কাজ বাস্তবায়ন করতে হবে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি মোছাঃ সাফিয়া খাতুন বলেন বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় এলাকাবাসী অনেক আনন্দিত। পরিশেষে বিস্তারিত আলোচনার পর স্ব স্ব বস্তির চাহিদা অনুয়ায়ী ইট ও পাথর ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। অনুমোদিত ০৪টি বস্তিতে ফুটপাত ও ল্যাট্রিন করার জন্য স্ব স্ব বস্তির চাহিদা অনুযায়ী ইট ও পাথর ক্রয় করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ০৩। | করোনা ভাইরাস ব্যাপক বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি নিশ্চিত করণ করা প্রসঙ্গে আলোচনা। | কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন, করোনা ভাইরাস ব্যাপক বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। সেই সাথে হ্যান্ডওয়াশ কিংবা সাবান দিয়ে ২০ সেকেন্ড ভালোভাবে হাত ধৌত করতে হবে। এবং মাঝে মধ্যে হ্যান্ডস্যানিটাইজার হাতে লাগাতে হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন দেশব্যাপী করোনা ভাইরাস এর প্রদুর্ভাব ব্যাপক বিস্তার রোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের জারীকৃত নির্দেশনা পালনপূর্বক কার্যক্রম পরিচালনা করার জন্য যে নির্দেশনা প্রদান করেছেন তা আমাদের সবাইকে যথাযথ ভাবে পালন করতে হবে। যাতে করে আল্লাহর রহমতে সবাই সুস্থ থাকতে পারি। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আবুল হোসেন বলেন আমাদের পৌর এলাকার যে সকল ওয়ার্ডে কোরনা রোগী আছে সে সকল পরিবারকে আমরা ইতিমধ্যে লকডাউন করে দিয়েছি। পরিশেষে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | ০৩। করোনা ভাইরাস ব্যাপক বিস্তার রোধকল্পে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ২৩/০৬/২০২০ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২৩/০৬/২০২০ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিন্মরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন | সভাপতি | |
| ২ | জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী | সদস্য | |
| ৩ | জনাব মোঃ আবুল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ সাফিয়া খাতুন, রেল পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব কবির হাসান (কারণ), ফার্ম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

২৩/০৬/২০২০ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।




